International Labour Organization | BetterWork | ILR School

▶ ILO brief

# এশিয়ার গার্মেন্টস সাপ্লাই চেইনের প্রেক্ষিতে শোভন কাজ

মে ২০২১

## আরও পরিবেশ-বান্ধব পোশাক? এশিয়ায় পোশাক খাতে পরিবেশগত উদ্যোগ এবং কৌশল

টেক্সটাইল এবং গার্মেন্টস সাপ্লাই চেইনের ক্রমবর্ধমান সামাজিক এবং পরিবেশগত প্রভাবগুলি সুপরিচিত, আর এর ফলে সেক্টরের স্থায়িত্ব বাড়ানোর জন্য বিভিন্ন উদ্যোগ, কৌশল এবং মূল্যায়ন প্ল্যাটফর্মের বিকাশ ঘটেছে। এই উদ্যোগগুলিতে প্রচুর বৈচিত্র্য রয়েছে, যার মধ্যে রয়েছে তাদের প্রাধান্যের মধ্যে পার্থক্য, এগুলোর সাথে জড়িত কার্যকর্তা, কারা এর ভোক্তাগোষ্ঠী, এসব কার্যক্রমের দীর্ঘস্থায়িত্ব এবং তারা কিভাবে সাফল্যকে সংজ্ঞায়িত করে এবং এর পরিমাপ করে। নতুন বা সম্প্রসারিত উদ্যোগের বিকাশের ক্ষেত্রে ভবিষ্যতে কোথায় মনোনিবেশ করা হতে পারে, তার উপরে আলোকপাত করার উপায় হিসাবে বর্তমান উদ্যোগগুলোর মধ্যে কোথায় ফাঁক থাকতে পারে এবং কী ধরণের উদ্যোগ এমএসএমই-এর জ্ঞান এবং শিখন চাহিদাগুলোর সাথে সামঞ্জস্যপূর্ণ, সেই বিষয়গুলোকে এই প্রতিবেদনে তুলে ধরা হয়েছে।

## আইএলও এশিয়া-প্রশান্ত মহাসাগর প্রতিবেদন

টেক্সটাইল এবং গার্মেন্টস সাপ্লাই চেইনের ক্রমবর্ধমান সামাজিক এবং পরিবেশগত প্রভাবগুলি সুপরিচিত, আর এর ফলে সেক্টরের স্থায়িত্ব বাড়ানোর জন্য বিভিন্ন উদ্যোগ, কৌশল এবং মূল্যায়ন প্ল্যাটফর্মের বিকাশ ঘটেছে। এই উদ্যোগগুলিতে প্রচুর বৈচিত্র্য রয়েছে, যার মধ্যে রয়েছে তাদের প্রাধান্যের মধ্যে পার্থক্য, এগুলোর সাথে জড়িত কার্যকর্তা, কারা এর ভোক্তাগোষ্ঠী, এসব কার্যক্রমের দীর্ঘস্থায়িত্ব এবং তারা কিভাবে সাফল্যকে সংজ্ঞায়িত করে এবং এর পরিমাপ করে। এশিয়ার অনেক স্টেকহোল্ডারের জন্য উদ্যোগের সংখ্যা এবং বৈচিত্র্য বিভ্রান্তিকর। এই প্রতিবেদনের দুটি লক্ষ্য রয়েছে: প্রথম লক্ষ্য হলো, এই উদ্যোগগুলির ভৌগলিক এবং খাতভিত্তিক ক্ষেত্র, উদ্দিষ্ট অংশগ্রহণকারী, পরিচালনা মডেল, হস্তক্ষেপের পদ্ধতি, স্কেল, সাফল্য এবং পুনরাবৃত্তির সম্ভাবনার ভিত্তিতে এসব উদ্যোগের একটি বিস্তৃত বর্ণনামূলক বিশ্লেষণ পরিচালনা করা। এর উদ্দেশ্য হলো কোথায় এবং কিভাবে এই উদ্যোগগুলি গার্মেন্টস সেক্টরে পরিবেশগত স্থায়িত্ব বাড়াচ্ছে বা বাড়াতে পারে, তা সনাক্ত করা এবং উদ্যোগের প্রস্তাবে কোন ফাঁক আছে কিনা তা চিহ্নিত করা। দ্বিতীয় লক্ষ্য হলো, পরিবেশগত উদ্যোগের মধ্যে এই সেক্টরের কতগুলো ক্ষুদ্র, ছোট ও মাঝারি আকারের উদ্যোগ (এমএসএমই) অন্তর্ভুক্ত আছে এবং এসব পরিবেশগত উদ্যোগের নাগাল কতদূর, তা খতিয়ে দেখা। সেক্টরাল ধারাভাষ্য নির্দেশ করে যে অপেক্ষাকৃত ছোট প্রতিষ্ঠানগুলি বর্ধিত স্থায়িত্ব অর্জনের ক্ষেত্রে এখনও অবহেলিত রয়ে গেছে; তাই, এই প্রতিবেদনটি এমএসএমইতে উদ্ভাবন কার্যকর্তাদের সাথে এই উদ্যোগগুলির পরস্পরকে ঢেকে ফেলার বিষয়টি পরীক্ষা করার চেষ্টা করে। সমস্ত ছোট প্রতিষ্ঠানগুলির ক্ষেত্রে স্থায়িত্বের চ্যালেঞ্জগুলি একই রকম, তবুও তাদের ছোট আকার (এবং অনুরূপভাবে ছোট মানব ও আর্থিক মূলধন সম্পদ) এবং সরবরাহ শৃঙ্খলে কেন্দ্রের বাইরে এদের অবস্থানের কারণে (জ্ঞান এবং কার্যপদ্ধতি সম্পর্কে জানার সুযোগ কম হওয়া সহ) এই চ্যালেঞ্জগুলি অতিক্রম করা তাদের জন্য আরো কঠিন।

এই প্রতিবেদনের বিশ্লেষণে এই পরিবেশগত স্থায়িত্ব সম্পর্কিত উদ্যোগ জুড়ে তিনটি উচ্চ-স্তরের পরিচালনা মডেল পাওয়া গেছে:

১. কর্মক্ষমতার মানদণ্ড- সাধারণত সার্টিফিকেশন এবং কখনও কখনও ক্ষমতা-নির্মাণ কার্যক্রমের সাথে প্রতিষ্ঠিত;

২. প্রোগ্রাম প্রস্তাব- ক্রিয়াকলাপের একটি সময়-বদ্ধ প্রোগ্রাম, যেখানে সাধারণত ব্র্যান্ড-স্তরের সংলাপ এবং কৌশল/পরামর্শ উন্নয়ন, কারখানা-স্তরের পরিদর্শন এবং সংযুক্তকরণ কার্যকলাপ, নীতিমালা পদ্ধতি বিশ্লেষণ এবং অ্যাডভোকেসি/সমর্থন, এবং টেকসই বিনিয়োগের জন্য অর্থ লাভের সুযোগ অন্তর্ভুক্ত; এবং

৩. সামাজিক সংলাপ, জ্ঞান ভাগাভাগি এবং অ্যাডভোকেসি- এই উদ্যোগগুলি সরবরাহ শৃঙ্খলের উপরে এবং নীচের দিকে সামাজিক সংলাপ এবং জ্ঞান ভাগ করে নেওয়ার কার্যকলাপের উপর আলোকপাত করে। এগুলি সাধারণত টেকসই উন্নয়ন লক্ষ্যগুলির মতো বৃহত্তর টেকসই লক্ষ্যগুলির সাথে এবং বস্ত্র

ও পোশাক খাতের জন্য এই লক্ষ্যগুলির প্রাসঙ্গিককরণের সাথে সম্পর্কিত। সাধারণত বহু স্টেকহোল্ডার সংলাপে এই উদ্যোগগুলি শক্তিশালী ভূমিকা রাখে।

এমএসএমই-তে বাস্তু-উদ্ভাবন ক্ষেত্রে বাধা সৃষ্টিকারী এবং সক্ষমকারী এজেন্টগুলির সাথে কিভাবে এই উদ্যোগগুলি বোঝাপড়া করে, তা বিশ্লেষণ করতে গিয়ে বাস্তু-উদ্ভাবন গ্রহণে নিম্নলিখিত বাধাগুলি পাওয়া যায়:

- পরিবেশগত সমস্যা এবং তাদের প্রভাবসহ সামাজিক প্রভাব সম্পর্কে সচেতনতার অভাব;
- বাস্তু-উদ্ভাবনকে বিকল্প হিসেবে দেখার ক্ষেত্রে সচেতনতার অভাব, এবং কিভাবে বাস্তু-উদ্ভাবনকে কৌশলগত ব্যবসায়িক পরিকল্পনা কার্যক্রমে সন্নিবেশ করা যেতে পারে এবং কিভাবে এটি প্রতিযোগিতা এবং উৎপাদনশীলতায় অবদান রাখতে পারে;
- পরিবেশগত আইন মেনে চলার দায়িত্ব সম্পর্কে সচেতনতার অভাব, এবং নিছক আনুগত্যের ঊর্ধ্বে গিয়ে কিভাবে বিনিয়োগ করা যায়, সে বিষয়ে জ্ঞানের অভাব;
- জ্ঞান এবং দক্ষতা স্থানান্তর নেটওয়ার্কগুলিতে প্রবেশাধিকারের অভাব- অন্যান্য ব্যবসায় কিভাবে সর্বোত্তম চর্চা প্রয়োগ করা হয়, সেদিকে এবং মানিয়ে নেওয়ার এবং গ্রহণ করার ক্ষমতার দিকে তাকানো;
- সরবরাহ শৃঙ্খলে যোগাযোগের ফাঁক;
- অর্থায়ন লাভে বাধা;
- বিদ্যমান দুর্বল অবকাঠামো, যেমন পানি সরবরাহ ব্যবস্থা এবং বর্জ্য পানি পরিশোধন ব্যবস্থার সুযোগ।

এই গবেষণায় বিশ্লেষিত কোনো উদ্যোগই বিশেষভাবে এমএসএমই-এর উপর আলোকপাত করে না, এবং যদিও তিনটি পরিচালনা মডেলের কোনোটিই এমএসএমই-কে বাদ দেওয়ার চেষ্টা করে না, তবু প্রতিটি মডেলের মধ্যে বেশ কয়েকটি বৈশিষ্ট্য রয়েছে, যা এই সংস্থাগুলির দ্বারা গৃহীত পদক্ষেপকে সীমিত করতে পারে:

- কর্মক্ষমতার মানদণ্ড মডেলের ক্ষেত্রে সাধারণত প্রতিষ্ঠানের পরিবেশগত স্থায়িত্ব উন্নয়নের জন্য কর্মক্ষমতার মানদণ্ডগুলিকে এনে সন্নিবেশ করা এবং ব্যবহার করার জন্য এমএসএমই-এর প্রয়োজনীয় অভ্যন্তরীণ ধারণ ক্ষমতার অভাব দেখা যায়।
- প্রোগ্রাম প্রস্তাব মডেলের ক্ষেত্রে যদি কোনো এমএসএমই উদ্যোগের উদ্দিষ্ট গোষ্ঠীর মধ্যে থাকে, তবে এমএসএমই সম্ভবত প্রোগ্রাম প্রস্তাব মডেল থেকে উপকৃত হবে, কারণ এই প্রোগ্রামগুলি সক্ষমতা বৃদ্ধি, অডিটিং এবং উন্নতির পরামর্শের একটি সংমিশ্রণ সরবরাহ করে এবং অন্যান্য বাজার-বহির্ভূত বাধাগুলি মোকাবেলা করতে নীতিনির্ধারকদের জন্য অর্থায়ন ও অ্যাডভোকেসি লাভের সুযোগ তৈরি করে। যাই হোক, এই উদ্যোগগুলি তীব্রভাবে রিসোর্স-নির্ভর হওয়ার কারণে শুধুমাত্র তুলনামূলক অল্প সংখ্যক প্রতিষ্ঠানই উপকৃত হয়, এবং সেইজন্য এ ধরনের উদ্যোগ সিস্টেম পর্যায়ে বিস্তৃত পরিবর্তন আনার ক্ষেত্রে প্রস্তাবিত হয় না।
- সামাজিক সংলাপ, জ্ঞান ভাগাভাগি এবং অ্যাডভোকেসি মডেলের ক্ষেত্রে যদিও এটি “সর্বোত্তম অনুশীলন” ভাগ করার জন্য উপযোগী, তবুও কাদেরকে সংলাপে অন্তর্ভুক্ত করা হয়েছে, এবং কোন কোন কাজ “সেরা অনুশীলন” হিসাবে বিবেচিত হয়, সেসব বিষয়ে সীমাবদ্ধতা দেখা যেতে পারে ।

টেক্সটাইল এবং গার্মেন্টস সেক্টর জুড়ে টেকসই কার্যক্রম সমন্বয় করতে সেক্টর ভিত্তিক উদ্যোগের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এই উদ্যোগগুলি ভালো চর্চা কী এবং কিভাবে এই চর্চাগুলি অর্জন করা যায়, তা নির্ধারণ করার মাধ্যমে একধরনের সেক্টরাল গভর্নেন্স মেকানিজমের প্রতিনিধিত্ব করে। যাই হোক, এই মেকানিজমগুলির সীমাবদ্ধতা রয়েছে- তিন ধরণের পরিচালনা মডেলের প্রতিটিতে গঠনগতভাবেই এর নাগাল, বিস্তৃতি এবং প্রাধান্যের সীমাবদ্ধতা দেখা যায়, আর তা দেখা যায় বাস্তবায়ন সম্পর্কিত পরিমাপ পদ্ধতি বিবেচনা করার আগে, যেগুলো সম্পর্কে পাবলিক ডোমেইনে খুব কম তথ্য ও উপাত্ত পাওয়া যায়। গার্মেন্টস সেক্টরে এমএসএমই-এর পরিবেশগত স্থায়িত্ব বাড়ানোর দিকে মনোনিবেশ করা এবং বাস্তবে সেদিকে অগ্রসর হওয়ার মধ্যে ভবিষ্যত কার্যকলাপের ক্ষেত্রে একটি স্পষ্ট ঘাটতি ও একইসাথে একটি সুযোগ এবং দিকনির্দেশনা নিহিত রয়েছে।

Contact details

International Labour Organization
Route des Morillons 4
CH-1211 Geneva 22
Switzerland

T: +41 22 799 7239
E: @ilo.org

© International Labour Organization 2020